

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯৩৯

৩০/ সং ব্যবহার ও সম্পর্ক রক্ষা (ﷺ) পরিচ্ছেদঃ ভাইয়ের প্রতি সমবেদনা।

باب مَا جَاءَ فِي مُواسَاةِ الأَخ

আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّتَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّتَنَا حُمَيْدٌ، عَنْ أَنسٍ، قَالَ لَمَّا قَدِمَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْفِ الْمَدِينَةَ آخَى النَّبِيُّ صلى الله عليه وسلم بَيْنَهُ وَبَيْنَ سَعْدِ بْنِ الرَّبِيعِ فَقَالَ لَهُ هَلُمَّ أُقَاسِمْكَ مَالِي نِصِفْيْنِ وَلِي امْرَأَتَانِ فَأُطَلِّقُ إِحْدَاهُمَا فَإِذَا انْقَضَتَ عِدَّتُهَا فَتَرَوَّجْهَا . فَقَالَ بَارَكَ اللَّهُ لَكَ فِي أَهْلِكَ وَمَالِكَ دُلُّونِي عَلَى السُّوقِ . فَدَلُّوهُ عَلَى السُّوقِ فَمَا رَجَعَ يَوْمَئِذِ إِلاَّ وَمَعَهُ شَيْءٌ مِنْ أَقِطٍ وَسَمْنِ قَدِ اسْتَفْضَلَهُ فَرَآهُ رَسُولُ اللّهِ السُّوقِ فَمَا رَجَعَ يَوْمَئِذ إِلاَّ وَمَعَهُ شَيْءٌ مِنْ أَقِطٍ وَسَمْنِ قَدِ اسْتَفْضَلَهُ فَرَآهُ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم بَعْدَ ذَلِكَ وَعَلَيْهِ وَصَرٌ مِنْ صَغُوْرَةٍ فَقَالَ " مَهْيَمْ " . قَالَ تَزَوَّجْتُ امْرَأَةً مِنَ الأَنْصَارِ . قَالَ " فَمَا أَصِدَقْتَهَا " . قَالَ نَوَاةً . قَالَ حُمَيْدٌ أَوْ قَالَ وَزْنَ نَوَاةٍ مِنْ نَهَبٍ . فَقَالَ " أَوْلِمْ وَلَوْ بِشَاةٍ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . قَالَ أَحْمَدُ مُنْ ذَهُبٍ وَزْنُ ثَوَاةٍ مِنْ ذَهَبٍ وَزْنُ ثَوَاةٍ مِنْ ذَهُبٍ وَزُنُ ثَوَاةٍ مِنْ ذَهُمِ وَزُنُ وَزُنُ عَرْنُ مُنْهُ وَلُو إِسْعَاقً بْنَ مَنْصُورٍ يَذْكُرُ عَنْهُمَا هَذَا . .

বাংলা

১৯৩৯। আহমাদ ইবনু মানী' (রহঃ) ... আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আবদুর রহমান ইবনু আওফ রাদিয়াল্লাহু আনহু যখন মদীনায় আগমন করেন তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর এবং সা'দ ইবনুর রাবী রাদিয়াল্লাহু আনহুমা-এর মাঝে ভ্রাতৃত্ব বন্ধন স্থাপন করে দেন। তখন সা'দ রাদিয়াল্লাহু আনহু তাকে বললেন, আসুন, আমার সম্পদ আপনাকে দুই ভাগে ভাগ করে দেই। আমার দুইজন স্ত্রী রয়েছে। একজনকে তালাক দিয়ে দেই; ইদ্দৃত শেষ হওয়ার পর আপনি তাকে বিয়ে করে নিবেন। আবদুর রহমান ইবনু আওফ রাদিয়াল্লাহু আনহু বললেন, আল্লাহ আপনার সম্পদে এবং পরিবার-পরিজনে বরকত দিন। আমাকে বাজারটি দেখিয়ে দিন। লোকেরা তাকে বাজার দেখিয়ে দিল। তিনি সেদিনই লাভ স্বরূপ কিছু পনির ও ঘি নিয়ে ঘরে ফিরলেন। পরবর্তীতে একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর গায়ে জাফরান নির্মিত সুগন্ধির হলদে



দাগ দেখতে পেয়ে বললেন, কি ব্যাপার? তিনি বললেন, জনৈক আনসারী মহিলা বিবাহ করেছি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, কি মহরানা দিয়েছ? তিনি বললেন, খর্জুর বীচি। বর্ণনাকারী হুমায়দের রিওয়ায়াতে আছে, খর্জুর বীচির ওজন পরিমাণ স্বর্ণ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, একটি বকরী হলেও ওয়ালিমা কর।

সহীহ, ইবনু মাজাহ ১৯০৭, বুখারী, মুসলিম, তবে তাতে সা'দ ও আব্দুর রহমানের ঘটনার উল্লেখ নেই, তিরমিজী হাদিস নম্বরঃ ১৯৩৩ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি হাসান-সহীহ। ইমাম আহমাদ ইবনু হাম্বাল (রহঃ) বলেন, খর্জুর বীচির ওজন পরিমাণ স্বর্ণ হল তিন দিরহাম ও এক দিরহামের এক তৃতীয়াংশ পরিমাণ ওজন স্বর্ণ। ইমাম ইসহাক (রহঃ) বলেন, খর্জুর বীচির পরিমাণ স্বর্ণ হল পাঁচ দিরহাম পরিমাণ স্বর্ণ। আহমাদ ইবনু হাম্বাল ও ইসহাক (রহঃ) থেকে ইসহাক ইবনু মানসুর (রহঃ) মারফত এই তথ্য আমি পেয়েছি।

English

Anas said: "When 'Abdur-Rahman bin 'Awf arrived in Al-Madinah, the Messenger of Allah established a bond of brotherhood between him and sa'd bin Ar-Rabi. So he said to him: "Come here, I will divide my wealth and give you half, and I have two wives, I will divorce one of them, and when she completes her waiting period you may marry her." He said: "May Allah bless you in your family and your wealth. Show me where the market is." So they showed him where the market was and he did not return that day except with some cottage cheese and cooking fat which he had earned as a profit. The Messenger of Allah saw him after that, and he had traces of yellow on him. So he said to him: "What is this?" He said: "I married a woman from the Ansar." He said: "What dowry did you give her?" He said: "A date-stone(of gold) - (one of the narrators) Humaid said: "Or he said: - gold equal to the weight of a date-stone." So he said: 'Have a banquet, even if with only a sheep."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন